সমকাল

তারিখ : 06 FEB 2016
পৃষ্ঠা : ৪ কলাম : ৪

# বইমেলার নিরাপত্তা নিয়ে কোনো সংশয় নেই

## — ডিএমপি কমিশনার

■ সমকাল প্রতিবেদক

অমর একুশে বইমেলা প্রাঙ্গণ পরিদর্শন করেছেন ডিএমপি কমিশনার আছাদুজ্জামান মিয়া। তিনি মেলার ভেতরে ও বাইরে বিভিন্ন এলাকা পরিদর্শন করেন এবং স্টলের বিক্রয়কর্মীদের সঙ্গে কথা বলেন। তিনি বলেন, বইমেলার নিরাপত্তা নিয়ে কোনো সংশয় নেই। পুলিশ সর্বোচ্চ সতর্ক অবস্থায় আছে। দুই কন্ট্রোল রুমে দুই পুলিশ অফিসার সার্বক্ষণিক তদারক করছেন।

বইমেলায় স্থাপিত সিসিটিভি ক্যামেরার মান সম্পর্কে তিনি বলেন, সব সিসিটিভি ক্যামেরা আমরা পরীক্ষা করে দেখেছি। কোথাও কোনো সমস্যা নেই। সব ক্যামেরায় নাইটভিশন অপশন আছে, যেগুলো রাতেও স্পষ্ট দেখা যায়। হয়তো এগুলোকে আরও ইমপ্রুভ করা যেত, সেটা যে কোনো বিষয়ের ক্ষেত্রেই বলা যায়।

ইতালির নাগরিক সিজার তাভেলা হত্যাকাণ্ডের প্রসঙ্গ টেনে আছাদুজ্জামান মিয়া বলেন, 'অতীতে আমরা সিসিটিভি ক্যামেরার ফুটেজ ব্যবহার করেই অনেক হত্যারহস্য উন্মোচন করেছি এবং হত্যাকারীদের ধরেছি।'

মেলা পরিদর্শনের বিষয়ে আছাদুজ্জামান মিয়া বলেন, 'মেলার নিরাপত্তা ব্যবস্থায় কোনো ঘাটতি আছে কি-না সেটা দেখার জন্যই আমি এসেছি। পুরো মেলা প্রাঙ্গণে মোট ৭টি ওয়াচ টাওয়ার রয়েছে। দুরবিন দিয়ে তারা সার্বক্ষণিক নজরদারি করছে। এ ছাড়া সিসি ক্যামেরায় সব ভিডিও ফুটেজে প্রত্যেক দর্শনার্থীর আগমন-নির্গমন পর্যবেক্ষণ করা হচ্ছে।'

মেলায় প্রবেশের সময় সব ধরনের তল্লাশি করা হচ্ছে জানিয়ে ডিএমপি কমিশনার বলেন, 'এবার প্রবেশ এবং বের হওয়ার পথ বেশি হওয়ায় মেলায় ঢুকতে ও বের হতে কোনো সমস্যা হচ্ছে না। শাহবাগ থেকে দোয়েল চত্বর পর্যন্ত আমাদের বিভিন্ন টিম নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এর মধ্যে রয়েছে ফুট প্যাট্রোল টিম, মোটর প্যাট্রোল টিম।'

গত বছর বইমেলার ২৬তম দিনে মুক্ত চিন্তার লেখক অভিজিৎ রায় হত্যার প্রসঙ্গ টেনে ডিএমপি কমিশনার আছাদুজ্জামান বলেন, 'গত বছরের দুঃখজনক অভিজ্ঞতার আলোকে এবার নিরাপত্তা ব্যবস্থাকে ঢেলে সাজানো হয়েছে। আর যেন কোনো দুঃখজনক ঘটনা না ঘটে সে জন্য আমরা সর্বোচ্চ সতর্ক আছি।'